দৈনিক
ইত্তেফাক

NOV. 03 2006
পৃঃ ৭ কলাম ২

# সরকারি মেডিক্যাল কলেজে ২০
# আসনের জন্য প্রার্থী ২৪ হাজার

## এমবিবিএস ভর্তি পরীক্ষা ১০ নভেম্বর

॥ আবুল খায়ের ॥

দেশের ১৪টি সরকারী মেডিক্যাল কলেজে ২০০৬-২০০৭ সেশনে এমবিবিএস কো
পরীক্ষার জন্য ২৪ হাজার ১৮০ জন ছাত্র-ছাত্রী আবেদনপত্র জমা দিয়েছে। ২০৬০টি আসনে
১০ নভেম্বর একযোগে ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হবে। গত বছর ভর্তি পরীক্ষায় অংশ নিয়ে
হাজার ছাত্র-ছাত্রী। এই বছর ৫ হাজার ১৮০ জন বেশি ছাত্র-ছাত্রী পরীক্ষায় অংশ নেবে ব
অধিদফতরের পরিচালক (মেডিক্যাল এডুকেশন) অধ্যাপক ডাঃ খন্দকার মোঃ সিফায়েত
জানিয়েছেন। এই বছর একাডেমিক সেশন ২০০৭ সালের জুলাইয়ের স্থলে জানুয়ারি থে
হবে। ফলে ছাত্র-ছাত্রীদের শিক্ষা জীবন ৬ মাস এগিয়ে আসবে।

ঢাকা মেডিক্যাল কলেজে ৩৮৯৩, স্যার সলিমুল্লাহ মেডিক্যাল কলেজে ২৫০৪,
মেডিক্যাল কলেজে ২৪২৪, বেগম খালেদা জিয়া মেডিক্যাল কলেজে ৩৯১১, ময়মনসিংহ মে
কলেজে ১৪০৩, রাজশাহী মেডিক্যাল কলেজে ২১৬৮, রংপুর মেডিক্যাল কলেজে ১৬৫৫,
এমএজি ওসমানি মেডিক্যাল কলেজে ৯৪৮, বরিশাল মেডিক্যাল (১য় পৃঃ ১-এর ক

### সরকারি মেডিক্যাল

(প্রথম পৃঃ পর)

কলেজে ৮৫৯, খুলনা মেডিক্যাল কলেজে ১৫৪৫, কুমিল্লা মেডিক্যাল কলেজে ১৪৬৮, বগুড়া শহীদ জিয়াউর রহমান মেডিক্যাল কলেজে ৮৫৩, ফরিদপুর মেডিক্যাল কলেজে ২৫৭ ও দিনাজপুর মেডিক্যাল কলেজে ৪৯২ জন ছাত্র-ছাত্রী আবেদন করেছে। মোট ২০৬০ আসনের মধ্যে সাধারণ আসন ২০০০, মুক্তিযোদ্ধা সন্তানদের জন্য ৪০ ও উপজাতীয়দের জন্য ২০টি আসন সংরক্ষিত আছে।

পরীক্ষা সুষ্ঠুভাবে সম্পন্ন করার জন্য প্রয়োজনীয় ব্যবস্থা নেয়া হয়েছে এবং প্রতিটি কেন্দ্রের পরীক্ষা পর্যবেক্ষকদের জন্য প্রথিতযশা অধ্যাপকগণকে দায়িত্ব দেয়ার সিদ্ধান্ত নেয়া হয়।

এই বছর প্রথমবারের মতো প্রার্থীদের পরীক্ষা স্বাস্থ্য অধিদফতর প্রদত্ত রোল নম্বর এবং সিট প্ল্যান অনুসারে অনুষ্ঠিত হবে। অধিদফতরের মহাপরিচালক অধ্যাপক ডাঃ